



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫১৪

তারিখঃ ০৪.০৮.২০১৯খ্রিঃ


বিষয়ঃ আগামী ০৬/০৯/২০১৯ তারিখ শুব্রবার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা শহরস্থ সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহে কোন পরীক্ষা কর্মসূচি না রাখা প্রসঙ্গে।

- সূত্রঃ ১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং- ৮০.০০.০০০০.১০৯.১১.০০৫.১৯-১১০; তারিখঃ ১৯ জুন ২০১৯
২) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নং- ৫৭.০০.০০০০.০৭৫.০১৮.২১.১৮/২২৫; তারিখঃ ২৫ জুলাই ২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে নিয়োগের লক্ষ্যে ২০০ নম্বরের MCQ ধরনের লিখিত পরীক্ষা আগামী ০৬.০৯.২০১৯খ্রিঃ তারিখ শুব্রবার সকাল ১০.০০ টা হতে ১২.০০টা পর্যন্ত শুধুমাত্র ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গ্রহণের বিষয়ে সরকারী কর্ম কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। সে লক্ষ্যে ০৬.০৯.২০১৯খ্রিঃ তারিখে ঢাকা শহরের সরকারি কলেজ/স্কুল/মাদ্রাসা এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ যাতে অন্য কোন প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত স্মারকে নির্দেশ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রস্তাব ও শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী আগামী ০৬.০৯.২০১৯খ্রিঃ তারিখ শুব্রবার সকাল ১০.০০ টা হতে ১২.০০টা পর্যন্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন শুধুমাত্র ঢাকা শহরের সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহে কোনরূপ পরীক্ষা কর্মসূচি না রাখার জন্য অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৪.০৮.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১. অধ্যক্ষ/সুপার;

২. সভাপতি/সদস্যবৃন্দ (গভার্ণিং বডি/ ম্যানেজিং কমিটি/এডহক কমিটি)


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা শহরস্থ মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫১৪(৭)

তারিখঃ ০৪.০৮.২০১৯খ্রিঃ

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তৌকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ)
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।


০৪.০৮.১৯

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪